



কোটালীপাড়া (গোপালগঞ্জ) : উপজেলার কাঠিগ্রামের একটি কুলের শ্রেণি কক্ষে রাখা বইগুলো ছিড়ে ফেলা হয়

-ইত্তেফাক

## বইয়ের সাথে এ কেমন শত্রুতা!

### কোটালীপাড়া (গোপালগঞ্জ) সংবাদদাতা

গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলার কাঠিগ্রামের প্রকাশ ইন্টারন্যাশনাল স্কুলের পঞ্চম শ্রেণির ৪৪ জন ছাত্র-ছাত্রী প্রতিদিন সন্ধ্যার পর ভাল ফলাফলে জন্য বিদ্যালয়ে শিক্ষকদের কাছ থেকে পাঠ গ্রহণ করে। সোমবার রাতে ছাত্র-ছাত্রীরা পাঠ গ্রহণ শেষে বৃষ্টির কারণে বইগুলো শ্রেণিকক্ষে রেখে গেলে কে বা কারা জানালা ভেঙে বইগুলো ছিড়ে ফেলে। এ ঘটনায় প্রধান শিক্ষক হাফিজুর রহমান বাদী হয়ে গত মঙ্গলবার কোটালীপাড়া থানায় একটি অভিযোগ দায়ের করে।

প্রধান শিক্ষক হাফিজুর রহমান বলেন, সামনে পিএসসি পরীক্ষা। এই সময়ে ছাত্র-ছাত্রীদের সকল

বিষয়ের বই ছিড়ে ফেলা হয়েছে।

এতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় সমস্যার মধ্যে পড়তে হবে। বিদ্যালয়ের সভাপতি নেজামুল হক শরিফ বলেন, ভাল ফলাফলের জন্য সন্ধ্যার পর ছাত্র-ছাত্রীদের এখানে অতিরিক্ত ক্লাস নেয়া হয়। আর এ জন্য ছাত্র-ছাত্রীদের বাসায় বসে বাড়তি লেখাপড়া করতে হয় না। কোটালীপাড়া থানার ওসি (তদন্ত) বেলায়েত হোসেন বলেন, বই ছিড়ে ফেলার ঘটনায় পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য হাফিজুর নামে এক যুবককে আটক করেছে। উপজেলা শিকা অফিসার মো. শহিদুল ইসলাম বলেন, ঘটনাটি অত্যন্ত নিন্দনীয়। আমি ছাত্র-ছাত্রীদের বইয়ের ব্যবস্থা করবো।